

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
"পল্লী ভবন"
৫, কাওরানবাজার ঢাকা
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০৬.২৩.৫০৫.২৬.৩২২৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩
৩০ মে ২০২৬

বিষয়: আগামী ৬ জুলাই জাতীয় পল্লী উন্নয়ন দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে প্রস্তুতি গ্রহণ।

সূত্রঃ ১। মন্ত্রীপরিষদ বিভাগের পত্র নং ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.১০০২.২৬.৩৪৮(৩), তারিখ: ১৯ এপ্রিল ২০২৬।

২। মন্ত্রীপরিষদ বিভাগের পত্র নং ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০০১.২৬.২৫৫, তারিখ: ২১ এপ্রিল ২০২৬।

৩। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পত্র নং ৪৭.০০.০০০০.০৪৭.০৭.২৯৪.২২(খড)-১৬০, তারিখ: ২০ এপ্রিল ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতিবছর ৬ জুলাই 'জাতীয় পল্লী উন্নয়ন দিবস' হিসেবে পালনের বিষয়ে সদাশয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। 'খ' শ্রেণিভুক্ত এ দিবসটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সার্বিক তত্ত্বাবধানে উদযাপিত হবে এবং লিড এজেন্সি হিসাবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) সার্বিক আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে।

০২। দিবসটি যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে র্যালি, আলোচনা সভা, সুফলভোগীদের মাঝে গাছের চারা বিতরণ ইত্যাদি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় কর্মসূচির সাথে সমন্বয় করে বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে কর্মসূচি গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শ করে তাদের তত্ত্বাবধানে জাতীয় পল্লী উন্নয়ন দিবসের অনুষ্ঠানাদির আয়োজন করতে হবে।

০৩। প্রথমবারের মতো দেশব্যাপী জাতীয় পল্লী উন্নয়ন দিবস ২০২৬ পালিত হতে যাচ্ছে বিধায় বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি-বেসরকারি বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুধীজন, সাংবাদিক, সর্বোপরি সকল শ্রেণি-পেশার জনগণসহ বিআরডিবি'র সুফলভোগী সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

০৪। এমতাবস্থায়, আসন্ন ৬ জুলাই জাতীয় পল্লী উন্নয়ন দিবস সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিআরডিবি'র বিভাগীয় কার্যালয়ের যুগ্মপরিচালক, জেলার উপপরিচালক এবং উপজেলা পল্লী উন্নয়ন অফিসারগণকে এখন থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণসহ সময়ে সময়ে সদর কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

একেএম তাবেক
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

ফোন: ০২-৪১০১০৩২০

ই-মেইল: dg@brdb.gov.bd

প্রাপক:


১। যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়, বিআরডিবিবিভাগ।

২। উপপরিচালক (সকল), বিআরডিবিজেলা।

৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল), বিআরডিবি উপজেলা, জেলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (সরেজমিন/প্রশাসন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার (সকল)।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় অবগতির জন্য)
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬. যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৭. প্রকল্প/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/গাইবান্ধা/রংপুর।
৮. উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৯. সভাপতি/সম্পাদক, বিআরডিবি অফিসার্স এসোসিয়েশন, ঢাকা।
১০. সহকারী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
১১. সভাপতি (সকল), -----উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ।
১২. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্মচারী ইউনিয়ন কেন্দ্রীয় কমিটি, বিআরডিবি, ঢাকা।
১৩. মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


ফারুক আহমেদ জোয়াদ্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
০১৭১১৯৮০৪১১